BGMEA

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৬/ ২৬ তারিখঃ ১৪ ফেব্রুয়ারী ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Bangladesh Single Window (BSW) এর মাধ্যমে দাখিলকৃত আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ASYCUDA World সিস্টেম হতে যাচাই করে শুল্কায়ন কার্যক্রম গ্রহণ এবং উক্ত দলিলাদির Hard Copy দাখিল নিষিদ্ধকরণ প্রসঙ্গে।**

**সূত্র নম্বরঃ** ৫/কা:হা:চট্ট:/সেকশন-১(এ)/০২/বিবিধ/২০২৬/৯৪৮৮(২), তারিখঃ ০৫/০২/২০২৬ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য বিভিন্ন ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারেন। ইতোমধ্যে CLP ইস্যুকারী ১৮টি সংস্থা ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট BSW System এ দাখিল করছে।

এমতাবস্থায়, BSW System এ দাখিলকৃত CLP সমূহ System এ যাচাইপূর্বক শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করতে এবং CLP দেখতে সমস্যা হলে তাৎক্ষণিকভাবে হাউসের IT Team- কে অবহিত করা এবং স্টেকহোল্ডারগণকে এ সংশ্লিষ্ট হার্ডকপি দাখিল না করার জন্য কাস্টমস হাউস,চট্টগ্রাম সূত্রোক্ত অফিস আদেশ জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে অফিস আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

১৪/২/২৬

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
· বাংলাদেশে তৈরি ·
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম।
Web: www.chc.gov.bd

নম্বর: ৫/কা:হা:চট্ট:/সেকশন-১(এ)/০২/বিবিধ/২০২৬ তারিখ: .০২.২০২৬ খ্রি.

**অফিস আদেশ**

**বিষয়: Bangladesh Single Window (BSW) এর মাধ্যমে দাখিলকৃত আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ASYCUDA World সিস্টেম হতে যাচাই করে শুল্কায়ন কার্যক্রম গ্রহণ এবং উক্ত দলিলাদির Hard Copy দাখিল নিষিদ্ধকরণ।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারেন। ইতোমধ্যে CLP ইস্যুকারী বিভিন্ন সংস্থা (DGDA, DoEX, BNACWC, BEZA, BEPZA, DoE, BSTI, BAEC, BTRC, DoF, DLS, BIDA, BGMEA, BKMEA, CCI&E প্রভৃতি) ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট BSW System এ দাখিল করছে। অত্যন্ত পরিতাপের বিষয় হলো এই যে, বিভিন্ন শুল্কায়ন গ্রুপ শুল্কায়নের সময় সিস্টেমে দাখিলকৃত ১৬,০০০-২০,০০০ CLP যাচাই না করে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্ট এর দাখিলকৃত CLP এর হার্ড কপিসমূহ দেখে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করেছে যা BSW System এর উদ্দেশ্য মারাত্মকভাবে ব্যাহত করছে।

০২। বর্ণিতাবস্থায়, BSW System এ দাখিলকৃত CLP সমূহ System এ যাচাইপূর্বক শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করতে জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ জুন ২০২৫ খ্রি. এর প্রেস রিলিজ অনুসরণ এবং সিস্টেমে কোন সংস্থার দাখিলকৃত CLP দেখতে সমস্যা হলে তাৎক্ষণিকভাবে হাউসের IT Team- কে অবহিত করতে বলা হলো। একইসাথে স্টেকহোল্ডারগণকে এ সংশ্লিষ্ট হার্ডকপি দাখিল না করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

স্বা:

মোহাম্মদ শফি উদ্দিন
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)
কাস্টমস হাউস, চট্টগ্রাম

নম্বর: ৫/কা:হা:চট্ট:/সেকশন-১(এ)/০২/বিবিধ/২০২৬/১২৪৮৮(২) তারিখ: 05 FEB 2026 খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সভাপতি, চেম্বার অব কর্মাস এ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার বিল্ডিং, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২। ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ (BGMEA), বিজিএমইএ ভবন, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিন খুলশী, চট্টগ্রাম
৩। প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট, বিকেএমইএ, এস আলম সেন্টার (৪র্থ তলা), ৫৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৪। মহাসচিব, দ্যা ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বারস অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রি (FBCCI), প্লট #৭৬/এ (৪র্থ তলা), ব্লক-এম, রোড#১১, বনানী, ঢাকা-১২১৩।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার-(সকল) কাস্টমস হাউস, চট্টগ্রাম
২। জয়েন্ট কমিশনার- (সকল) কাস্টমস হাউস, চট্টগ্রাম
৩। ডেপুটি ও সহকারী কমিশনার (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম
৪। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম
৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম
৬। অফিস সুপারিনটেনডেন্ট, যোগাযোগ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম (বিতরণের জন্য)
৭। অফিস কপি

০৩.০২.২৬
মোঃ শওকত হোসেন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

| BGMEA REGIONAL OFFICE, CTG | |
|---|---|
| 1. | Office Incharge |
| 2. | UD-UP |
| 3. | Accounts |
| 4. | Admin-HR / Insp... |
| 5. | Labour Cell / Fire & Safety |
| 6. | Law & Order / Crisis Management |
| 7. | Ponodona / Gas-Elec |
| 8. | Membership |
| 9. | C&M / RSC / Dormitory |
| 10. | Port & Customs |
| 11. | RDTI/MIS/Fair/Arbitration |
| | Health / Hospital / School / Project |
| | Store |
| | Dispatch No |
| | Date & Time |

10/02/2026